দৈনিক ইনকিলাব

53

তারিখ ... DEC 14 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

# জিয়া হলে ছাত্র লীগের দুই গ্রুপের ধাওয়া-পাল্টা ধাওয়া

## ১ জন প্রহৃত ঃ ৭ জন বহিষ্কার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হলে ছাত্র লীগের আভ্যন্তরীণ কোন্দলের জের ধরে গতকাল (সোমবার) দু'গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনায় এক গ্রুপ হল থেকে বিতাড়িত হয়েছে। এ ঘটনার জের ধরে সাগর নামে ছাত্র লীগের এক কর্মী প্রতিপক্ষের হাতে প্রহৃত হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ঘটনার দায়ে ৭ জনকে সাময়িকভাবে বহিষ্কার করেছে বলে জানা গেছে।

জানা যায়, গতকাল দুপুরে জিয়া হল শাখার ছাত্র লীগ সভাপতি মনির হোসেনের সাথে হলের সাংগঠনিক সম্পাদক রিজভীর তর্ক-বিতর্ক হয়। হলের ক্যান্টিনে রিজভীর ফাও খাওয়া নিয়ে এ তর্ক-বিতর্ক হয় বলে ছাত্র লীগ সূত্রে জানা গেছে। পরে রিজভী তার রুম থেকে কাটা রাইফেল নিয়ে এসে মনিরের ওপর চড়াও হয়। এতে মনির গ্রুপ ও হলের সাধারণ সম্পাদক হেমায়েত গ্রুপের ছাত্র লীগ কর্মীরাও অস্ত্রশস্ত্র নিয়ে রিজভী গ্রুপের সাথে ধাওয়া-পাল্টা ধাওয়ায় লিপ্ত হয়। এক পর্যায়ে রিজভী গ্রুপ হল থেকে বিতাড়িত হয়। পরে ছাত্র লীগের কেন্দ্রীয় নেতা আবদুল ওয়াদুদ খোকনসহ রিজভী গ্রুপের কর্মীরা হলের দিকে অগ্রসর হয়। এ সময় মনির গ্রুপ ও হোমায়েত গ্রুপের কর্মীরা তাদেরকে ধাওয়া করলে রিজভী গ্রুপ পালিয়ে যায়। এ ঘটনার জের ধরে মনির-হেমায়েত গ্রুপের কর্মীরা হলের ৪২০, ৪২১ ও ২১২ নং রুম ভাঙচুর এবং ৪১৪-নং রুমে সাগর নামে রিজভী গ্রুপের এক কর্মীকে রাইফেলের বাঁট দিয়ে আঘাত করে। পরে সাগরকে আহতাবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সাগর মার্কেটিং বিভাগের ১ম বর্ষের ছাত্র। এ ঘটনা নিয়ে হলে বর্তমানে চরম উত্তেজনা বিরাজ করছে। যে কোন মুহূর্তে উভয় গ্রুপের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ ঘটে যেতে পারে। জানা গেছে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ঘটনার সাথে জড়িত থাকার দায়ে ৭ জনকে সাময়িকভাবে বহিষ্কার করেছে।